

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৬

আগরতলা, ১৫ জুন, ২০২৪

আইজিএম হাসপাতালের বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট
পরিকাঠামো পর্যবেক্ষণে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব



বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের সচিব এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমারের নেতৃত্বে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব বিশু কর্মকার সহ অন্যান্য আধিকারিকগণ আজ ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালের বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্টের পরিকাঠামো পর্যবেক্ষণ করেন। ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ থেকে এক প্রেস রিলিজে জানানো হয়েছে, আইজিএম হাসপাতালের প্রতিটি ওয়ার্ডে বায়ো মেডিক্যাল ওয়েস্ট রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক বিভিন্ন রঙিন কোডেড বিন (যেমন হলুদ, লাল, সাদা নীল), জীবাণুমুক্ত করার জন্য অটোক্লেভ, নিডল কাটার ইত্যাদি রয়েছে। প্রাথমিক স্টোরেজের জন্য আলাদা রঙের কোডেড চেম্বার বিশিষ্ট একটি স্টোরেজ রুমও করা হয়েছে। প্রতিদিন বিভিন্ন বিভাগে বায়ো মেডিক্যাল ওয়েস্টগুলি পশ্চিম ত্রিপুরায় দেবেন্দ্রচন্দ্র নগরে অবস্থিত একটি কমন বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট প্ল্যান্টের কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হচ্ছে। এই হাসপাতালে তরল বর্জ্য এবং পয়ঃপ্রণালী ব্যবস্থা শোধনের জন্য প্রতিটি ৫০ কেএলডি ক্ষমতার দুটি তরল বর্জ্য শোধনাগার স্থাপন করা হয়েছে। প্রতিনিধিদল আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেন্ডেন্ট ডা. দেবশ্রী দেববর্মাকে অনুরোধ জানিয়েছেন এই হাসপাতালে তরল বর্জ্যের পুনরায় মূল্যায়ন এবং পরিশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে। বায়ো মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে স্বাস্থ্যকর্মীদের আরও সতর্কতাশীল করার জন্য এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমার আইজিএম হাসপাতাল কর্তৃপক্ষকে পরামর্শ দিয়েছেন। তিনি সরকারি এবং বেসরকারি স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলিকে বায়ো মেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্টের নিয়মগুলি মেনে চলার আহ্বান জানিয়েছেন।
